

এমবিবিএস প্রথম বর্ষের ক্লাস শুরু রবিবার

স্বাস্থ্য সেবায় পা বাড়াচ্ছে ১১ হাজার ৮৩৩ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

দেশের স্বাস্থ্য খাতে ভবিষ্যৎ চিকিৎসক তৈরির নতুন যাত্রা শুরু হচ্ছে রবিবার। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া ১১ হাজার ৮৩৩ শিক্ষার্থী আগামীকাল থেকে দেশের ১১২টি মেডিকেল কলেজে প্রথম বর্ষ এমবিবিএস ক্লাসে অংশ নেবেন। সরকারি, বেসরকারি ও সশস্ত্র বাহিনী পরিচালিত মেডিকেল কলেজগুলোতে এক যোগে এই কার্যক্রম শুরু হচ্ছে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজে রয়েছে ৫ হাজার ১০০টি আসন।

এছাড়া ৬৮টি বেসরকারি মেডিকেল কলেজে ৬ হাজার ২৭৮টি এবং সশস্ত্র বাহিনী পরিচালিত ৭টি মেডিকেল কলেজে ৪৫৫টি আসনের বিপরীতে দেশি ও বিদেশি মিলিয়ে মোট ১১ হাজার ৮৩৩ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পেয়েছেন।

এ বছর এমবিবিএস ও বিডিএস কোর্সের যৌথ ভর্তি পরীক্ষায় মোট ১ লাখ ২২ হাজার ৬৩২ জন আবেদনকারী অংশ নেন। প্রতিযোগিতাপূর্ণ এই ভর্তি প্রক্রিয়া শেষে নির্বাচিত শিক্ষার্থীরা চিকিৎসক হওয়ার স্বপ্ন নিয়ে নতুন শিক্ষাজীবনে প্রবেশ করছেন।

ডেন্টাল কলেজ এবং মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটগুলোর ক্লাস চলতি মাসের দ্বিতীয়ার্ধে শুরু হবে বলে জানিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।

নতুন শিক্ষাবর্ষের আনুষ্ঠানিক উদ্বোধন আগামীকাল শনিবার সকালে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে একটি কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এমবিবিএস ২০২৫-২৬ শিক্ষাবর্ষের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন স্বাস্থ্য

ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত
হোসেন।

অনুষ্ঠানে আরো থাকবেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা.
এম এ মুহিত, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব
কামরুজ্জামান চৌধুরী, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের
মহাপরিচালক অধ্যাপক নাজমুল হোসেন এবং
বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল
কাউন্সিলের সভাপতি অধ্যাপক সাইফুল
ইসলাম।

কেন্দ্রীয় এই অনুষ্ঠান অনলাইনের মাধ্যমে
দেশের ১১২টি মেডিকেল কলেজের নবীন
শিক্ষার্থীদের সঙ্গে সংযুক্ত থাকবে।

এ উপলক্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে
মেডিকেল কলেজগুলোতে তিন দিনব্যাপী
বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয়
অনুষ্ঠান শেষে প্রতিটি মেডিকেল কলেজ
নিজস্বভাবে নবীনবরণ আয়োজন করবে।

এছাড়া 'একজন শিক্ষার্থী, একটি বৃক্ষ' কর্মসূচির
আওতায় প্রত্যেক শিক্ষার্থী একটি করে গাছের
রোপণ করবেন। এর মাধ্যমে সারা দেশে প্রায়
১২ হাজার গাছ রোপণের পরিকল্পনা নেওয়া
হয়েছে।

নবীন শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা এবং
চিকিৎসা শিক্ষার চাপ মোকাবিলায় সহায়তা
দিতে প্রতিটি মেডিকেল কলেজে বিশেষ
মোটিভেশনাল লেকচারেরও আয়োজন করা
হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।

স্বাস্থ্য খাতে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে
নতুন এই ব্যাচের যাত্রাকে গুরুত্বপূর্ণ বলে মনে
করছেন সংশ্লিষ্টরা। তাদের হাত ধরেই ভবিষ্যতে
দেশের চিকিৎসা সেবার বড় একটি অংশ
পরিচালিত হবে।